

২০১৭-১৮ শিক্ষাবর্ষে অন-লাইনে ভর্তির সাধারণ নিয়মাবলী

- ১। প্রথম বর্ষের ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ অন-লাইন পদ্ধতিতে ও বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ C.B.C.S.- পদ্ধতির নিয়মানুযায়ী হবে।
- ২। ভর্তি সংক্রান্ত সমস্ত নিয়মাবলী, বিজ্ঞপ্তি, মেধা তালিকা প্রকাশের তারিখ ও সময় ভর্তির পোর্টাল থেকে জানা যাবে। (পোর্টালটি হল- [www.chatracollegeonlineadmission.net](http://www.chatracollegeonlineadmission.net))।
- ৩। নিয়মাবলী সঠিকভাবে পড়ে, বুঝে, যত্নসহকারে ফর্ম পূরণ করতে হবে। কোনরকম ভুলত্রুটি থাকলে বিশেষভাবে উচ্চমাধ্যমিকের প্রাপ্ত নম্বর ভুল প্রয়োগ করলে তার সম্পূর্ণ দায়ভার ছাত্রছাত্রীর উপর থাকবে, এমনকি সে ক্ষেত্রে এই কলেজের জন্য তার ভর্তি সম্পূর্ণ বাতিল হয়ে যেতে পারে।
- ৪। রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করার সময় প্রদত্ত মোবাইল নং টি অতি সতর্কতার সঙ্গে দিতে হবে। প্রদত্ত মোবাইলে ছাত্রছাত্রীর User ID, পাসওয়ার্ড ও দরকারী তথ্য পাঠানো হবে।
- ৫। ২০১৭- ১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশন ফিজ হল-
  - শুধুমাত্র অনার্স- ১০০ টাকা।
  - শুধুমাত্র পাসকোর্স - ১০০ টাকা।
  - অনার্স ও পাসকোর্স একসাথে দুটি আবেদন করলে - ১৫০ টাকা।
- ৬। একজন ছাত্র/ছাত্রী কেবলমাত্র একবার রেজিস্ট্রেশন করতে পারবে।
- ৭। Vocational থেকে পাস করা ছাত্রছাত্রীরা কেবলমাত্র পাসকোর্সে ভর্তি হতে পারবে।
- ৮। অনার্স বিষয়ে পড়তে ইচ্ছুক General Caste ছাত্রছাত্রীদের ন্যূনতম ৪৫% ও SC,ST,OBC-A, OBC-B & PH দের ন্যূনতম ৪০% নম্বর উচ্চমাধ্যমিকে Aggregate- এ থাকতে হবে।
- ৯। রেজিস্ট্রেশনের সময় যেকোন ছাত্রছাত্রী একসাথে তিনটি অনার্স বিষয় পছন্দ (Choose) করতে পারবে এবং ভর্তির সময় পছন্দ করা বিষয়ের মধ্যে দুইবার পরিবর্তন করার সুযোগ পাবে। রেজিস্ট্রেশনের সময় অনার্স ও পাসকোর্স দুই Category তে Registration করা থাকলে এবং মেধা তালিকা অনুযায়ী অনার্সে সুযোগ পেলে, পাসকোর্স থেকে অনার্সে আসা যাবে।
- ১০। রেজিস্ট্রেশন ফিজ ও ভর্তি ফিজ ছাড়াও on-line Payment- এর জন্য Pay U Processing Charge- ছাত্রছাত্রীকে বহন করতে হবে।
- ১১। রেজিস্ট্রেশন ফিজ ও ভর্তি ফিজ On-line এর মাধ্যমে দিতে হবে। On-line -এর মাধ্যমে ফিজ জমা সম্পূর্ণ হলে Mobile-এ "SUCCESS" বার্তা যাবে।
- ১২। ভর্তি ফিজ হল-
  - পাসকোর্স - ৩০৭০ টাকা।
  - পাসকোর্স (ভূগোল বিষয় সহ) - ৩৬৭০ টাকা।
  - পাসকোর্স (শারীর শিক্ষা বিষয় সহ) - ৩৬৭০ টাকা।
  - পাসকোর্স (ভূগোল ও শারীর শিক্ষা বিষয় সহ) - ৪২৭০ টাকা।
  - অনার্স (বাংলা, ইংরাজি, ইতিহাস, সংস্কৃত, শিক্ষা, দর্শন ও রাষ্ট্রবিজ্ঞান)- ৩২২০ টাকা।
  - অনার্স (ভূগোল)- ৩৯৭০ টাকা।
  - অনার্সের সাথে পাসকোর্সে ব্যবহারিক বিষয় থাকলে অতিরিক্ত ল্যাবরেটরি ফিজ জমা দিতে হবে।
- ১৩। ভর্তি ফিজ জমা হওয়ার পর কোনোরকমভাবে তা ফেরৎ পাওয়া যাবে না।
- ১৪। SC, ST,OBC, Minority ছাত্রছাত্রীদের শংসাপত্র BCW কর্তৃক হওয়া বাধ্যতামূলক।
- ১৫। H.S. -এর Environmental Studies বিষয়ের নম্বর Merit List-এ যোগ হবে না। বাকী ৬ টি বিষয়ের মধ্যে সর্বোচ্চ ৫ টি বিষয়ের প্রাপ্ত নম্বরের যোগফলের উপর ভিত্তিতে সর্বোচ্চ ক্রমানুযায়ী মেধা তালিকা তৈরী হবে।

১৬। সরকারী নির্দেশানুযায়ী সমস্ত বিষয়ে SC-22%, ST-6%, OBC-A-10%, OBC-B-9% এবং প্রত্যেকটি Category-এর 3% PH এর জন্য সংরক্ষণ থাকবে। 40% এর বেশি Disability Certificate থাকলে PH এর সুবিধা পাওয়া যাবে।

১৭। মোট আসন নিম্নরূপঃ-

Hons.	UR	UR PH	SC	SC PH	ST	ST PH	OBC-A	OBC-A PH	OBC-B	OBC-B PH	Total
BENGALI	43	01	15	01	03	01	04	01	03	01	73
ENGLISH	39	01	14	01	03	01	04	01	02	01	67
SANSKRIT	39	01	14	01	03	01	04	01	02	01	67
GEOGRAPHY	30	01	10	01	02	01	03	01	02	01	52
HISTORY	26	01	09	01	02	01	02	01	01	01	45
EDUCATION	11	01	05	01	01	01	02	01	01	01	25
POL. SC	11	01	05	01	01	01	02	01	01	01	25
PHILOSOPHY	11	01	05	01	01	01	02	01	01	01	25

PASS COURSE	UR	UR PH	SC	SC PH	ST	ST PH	OBC-A	OBC-A PH	OBC-B	OBC-B PH	Total
	200	06	74	02	20	01	25	01	17	01	347

Geography Pass- 65 Nos.

Physical Education- 130 Nos.

Commerce-25

Science-25

১৮। ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর, ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের আবেদনের ভিত্তিতে পাসকোর্সে সাঁওতালি বিষয়টি পড়ার অনুমোদন দেওয়া হবে।

১৯। ছাত্রাবাসে থাকতে ইচ্ছুক ছাত্রদেরকে মহাবিদ্যালয়ে Original Documents Verification-এর সময় আলাদাভাবে আবেদন করতে হবে।

২০। যে সমস্ত ছাত্রছাত্রী শারীর শিক্ষা বিষয় নেবে তাদের শারীর শিক্ষার পোষাক (Track Shut, Jursey, Short) বাবদ অতিরিক্ত অর্থ ভর্তির পর দিতে হবে।

২১। Science ও Commerce বিষয়ে অন্তত ৩০ জন ছাত্রছাত্রী না আবেদন করলে এই বিষয়গুলিতে কোন ছাত্রছাত্রী ভর্তি করা হবে না এবং যারা আবেদন করবে তাদের রেজিস্ট্রেশন ফিজ্ ফেরৎ দেওয়া হবে না।

২২। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী-

➤ ২০১৬ সালে পাস করা ছাত্রছাত্রীদের ক্ষেত্রে Aggregate 1% কম করা হবে।

➤ ২০১৫ সালে পাস করা ছাত্রছাত্রীদের ক্ষেত্রে Aggregate 2% কম করা হবে।

➤ ২০১৪ সালে পাস করা ছাত্রছাত্রীদের ক্ষেত্রে Aggregate 3% কম করা হবে।

২৩। মহাবিদ্যালয়ের হেল্পডেস্ক মোবাইলনং- ৮৪৩৬০৯১৬৮১, মোবাইল নং টি সকাল ৯ টা থেকে বিকাল ৬ টা পর্যন্ত খোলা থাকবে।